

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)


নং-৪৫.০০.০০০০.১৭২.৯৯.০০১.১৬-২৬৪

তারিখ: ২৭.১১.২০১৮খ্রি:

বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন কমিউনিটি ক্লিনিক পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব অগিউর রহমান, অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ ১৯.১১.২০১৮খ্রি: তারিখে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন ০২টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করেন। পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পরিদর্শন প্রতিবেদন এতদসঙ্গে প্রেরণ করা গেল।

সংযুক্ত- ০২ (দুই) পাতা

  
(মোহাম্মদ নাসির উদ্দীন)  
উপসচিব  
ফোনঃ-৯৫৪৯৫৫৩

বিতরণ:

১. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার(সিবিএইচসি), বিএমআরসি ভবন, ২য় তলা, মহাখালী, ঢাকা।
২. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর পটুয়াখালী।
৩. সিভিল সার্জন, পটুয়াখালী।
৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর পটুয়াখালী।
৫. টেরারিয়ান, ইটবাড়িয়া ইউনিয়ন পরিষদ, সদর পটুয়াখালী।
৬. কানিজ ফাতেমা, খালিশাখালী কমিউনিটি ক্লিনিক, সদর পটুয়াখালী।
৭. জনাব মাহমুদুল হক, ইটবাড়িয়া কমিউনিটি ক্লিনিক, সদর পটুয়াখালী।

সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, পটুয়াখালী।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব(প্রকল্প বাস্তবায়ন-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অতিরিক্ত সচিব(আ:ব্য:অ:) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব(প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গত ১৯.১১.২০১৮খ্রি: তারিখে নিম্নস্বাক্ষরকারী গটুরাখালী জেলার সদর উপজেলাধীন খলিশাখালী কমিউনিটি ক্লিনিকটি সকাল ১০.২৪ মিনিটে এবং হুটবাড়িয়া কমিউনিটি ক্লিনিকটি সকাল ১১:১৭ মিনিটে পরিদর্শন করে। পরিদর্শনকালে জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপপরিচ (প্রবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ ও ছিলেন।

### খলিশাখালী কমিউনিটি ক্লিনিক

পরিদর্শনকালে জানা যায়, খলিশাখালী কমিউনিটি ক্লিনিকটি প্রথম ফেইজের যদিও ক্লিনিকটির প্রবেশমুখে স্থাপিত ২০১১খ্রি: উল্লেখ রয়েছে। এটি খুবই জরাজীর্ণ অবস্থায় রয়েছে। মেঝেতে পানি চুকায়, একটি রুম সম্পূর্ণভাবে ব্যবহারের অযোগ্য, সেবাদান কক্ষটিতে স্যুরারেজের গন্ধ আসে। জরুরী ভিত্তিতে এটি মেরামত/পুন:নির্মাণ প্রয়োজন। কেন্দ্রটি গ্রামীণ সড়কের পাশে সুন্দর যোগাযোগ ব্যবস্থায় অবস্থিত। গত এক সপ্তাহে প্রতিদিন গড়ে প্রায় ১৪ জন সেবা গ্রহীতা এ কেন্দ্রটি ভিজিট করে। ভিজিটকারীদের অধিকাংশই মহিলা ও শিশু।

সিএইচসিপি কানিজ ফাতেমা জানান, এখানকার লোকজন নিকটবর্তী ও যাতায়াত ব্যবস্থা ভাল বিধায় জেলা হাসপাতালে চিকিৎসা নিতে বেশী গছন্দ করে এবং সামান্য অসুখ-বিসুখেই জেলায় যায়। গত এক বছরে কমিউনিটির ক্লিনিকটির পরিচালনা কমিটির ১১টি সভা অনুষ্ঠিত হয়েছে।

সুপারিশসমূহ নিম্নরূপ:

সমস্যা/বিষয়	করণীয়/সুপারিশ
১. কমিউনিটি ক্লিনিকটি নতুন করে নির্মাণ কিংবা মেরামত/ সংস্কার প্রয়োজন;	১. লাইন ডাইরেক্টর, সিবিএইচসি
২. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও সেবাদান এ কেন্দ্রে পরিচালিত হয়- বিষয়টি স্থানীয় জনগণকে অবহিত করা ও কেন্দ্রে আসার জন্য উদ্বুদ্ধকরণ;	২. সিএইচসিপি, ইউএইচএফপিও
৩. কেন্দ্রটির স্যুরারেজ ব্যবস্থার আশু সংস্কার/মেরামত	৩. সিভিল সার্জন

১৬.১১.১৮

মসিউর রহমান  
অতিরিক্ত সচিব  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শাস্তা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
রাষ্ট্রপতি সচিবালয়, ঢাকা।

## ইটবাড়িয়া কমিউনিটি ক্লিনিক


পরিদর্শনকালে দেখা যায়, ইটবাড়িয়া কমিউনিটি ক্লিনিকের কমিউনিটি হেলথ কেয়ার প্রোগ্রামের (সিএইচসিপি) জনাব মাহমুদুল হক যে রুমে বসে স্বাস্থ্য সেবা ও ঔষধপত্র বিতরণ করেন ঐ মুহূর্তে রুমটি তালাবদ্ধ ছিল। পরবর্তীতে আমাদের উপস্থিতিতেই তিনি রুমটির তালা খোলেন। অফিস সময়ে কমিউনিটি ক্লিনিক খোলার পর রুম তালাবদ্ধ রেখে বাইরে গমন না করার জন্য তাকে সতর্ক করা হয় এবং ২য় বারে এরূপ ঘটনা ঘটলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিদর্শন রেজিষ্টারের পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করা হয়। ক্লিনিকটিতে গত এক সপ্তাহে গড়ে প্রায় ১৬ জন সেবা গ্রহীতা ভিজিট করেন। গত ১০.১১.২০১৮ খ্রি:, তারিখে ০২ জন, ১৪.১১.২০১৮খ্রি: তারিখে ০৪ জন, ১৭.১১.২০১৮খ্রি: তারিখে ০৫ জন সেবা গ্রহীতা ভিজিট করেন যা অন্যান্য দিনের তুলনায় খুবই কম। কমিউনিটি ক্লিনিকটির অফিস সময়ে সেবাদান নিশ্চিত করার জন্য নির্বিড় তদারকি প্রয়োজন।

কমিউনিটি ক্লিনিকটিতে বছর খানেক আগে সরবরাহকৃত গ্লুকোমিটারটি নষ্ট, সরবরাহের পর মাত্র কয়েকদিন এটি সচল ছিল। সিএইচসিপি জানান, অন্যান্য কমিউনিটি ক্লিনিকে সরবরাহকৃত গ্লুকোমিটারের অবস্থাও একই রকম। কমিউনিটি ক্লিনিকটির সামনে স্থায়ী ইউপি চেয়ারম্যানের সহযোগীতায় এলজিএসপি প্রোগ্রামের আওতায় একটি গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। কিন্তু নলকূপটি আরও উঁচু করা প্রয়োজন যাতে লোকজন দাঁড়িয়ে পানি সংগ্রহ করতে পারে। এছাড়া এ ওয়ার্ডের স্বাস্থ্য সহকারী ফারজানা আফরোজ শান্তাকে ইতোপূর্বে পটুয়াখালী বক্ষব্যাপি হসপিটালে ডেপুটেশন দেয়া হয়েছিল। পরিদর্শনকালে সিভিল সার্জন, পটুয়াখালীর সাথে ফোনবাহারের মাধ্যমে সিভিল সার্জন তৎক্ষণাত্ ডেপুটেশন বাতিলের আদেশ করেন।

কমিউনিটি ক্লিনিকটির প্রবেশমুখে একটি ছোট খাল রয়েছে। বর্তমানে বর্ষের সীকো পার হয়ে লোকজনকে যাতায়াত করতে হয়। কমিউনিটি ক্লিনিকটির প্রবেশমুখে খালের উপরে একটি সেতু/কালভার্ট নির্মাণের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর পটুয়াখালীকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

সুপারিশসমূহ নিম্নরূপ:

সমস্যা/বিষয়	কার্য/সুপারিশ
১. কমিউনিটি ক্লিনিকটির প্রবেশমুখে খালের উপরে একটি সেতু/কালভার্ট নির্মাণ	১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর পটুয়াখালী
২. অফিস সময়ে সেবা কক্ষটি তালাবদ্ধ না রাখা	২. সিএইচসিপি
৩. ডিপ টিউবওয়েলটি উঁচুকরণ	৩. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে সিএইচসিপি অনুরোধ করবে
৪. কমিউনিটি ক্লিনিকটি প্রতি কার্য দিবসের পুরো অফিস সময় খোলা রাখা ও সেবাদান নিশ্চিত করা	৪. সিএইচসিপি
৫. সুপারিশন বাড়ানো	৫. ইউএইচএফপিও, সিএস

  
১৫.১১.১৮  
মসিউর রহমান

অতিরিক্ত সচিব( আ:ব্য:অ:)

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়